# ভোটামৃত

( কীর্ত্তন )



শ্রীশরৎচন্দ্র পণ্ডিত

(দাদা ঠাকুর)

মুদ্রক ও প্রকাশক—
শ্রীবিনয়কুমার পণ্ডিত
পণ্ডিত প্রেস
রঘুনাথগঞ্জ
মুর্শিদাবাদ

দক্ষিণা—



# ভোটামৃত

## ( কীর্ত্তন )

নির্ব্বাচন-সময়েতু

বায়ুঃ রুক্ষঃ ভবেৎ ধ্রুবং ।

ভোট-বিকারাধিকারে

ভোটামৃতং প্রযুজ্যতে ॥

ভোটাধিক্যং ভবেৎ যস্য

নিশ্চিতং মেম্বারো ভবেৎ ।

পরাজিতস্য মূর্খস্য

কা কস্য পরিবেদনা ॥

(আমি) ভোটের লাগিয়া,
ভিখারী সাজিনু,
ফিরিনু দ্বারে দ্বারে।
'হাঁ' ছাড়া কেউ
'না' বলিল না,
ক্যান্‌ভাস্ করিনু যারে ॥

(সব হাঁ করেই রইলো দাদা, (আমি) কার হাঁ বলো বুজাই কিসে ? হাঁ করেই সব রইলো দাদা)

(লোকের) মুখের ভাষায়,
ফুলিনু আশায়,
জানিনা বুকের ভাষা।
(বুঝি) গাছে তুলে মোরে,
মই নিবে কেড়ে,
আশায় খাটিনু চাষা।

(বুঝি) খেটে খেটে খাটোই হনু,
আশায় খাটিনু চাষা ।
ক্যানভাসারের ভাষা
তাতেও পাইনু আশা,
(বলে) "সেণ্ট্ পারসেণ্ট্" ভোটই তব ।
তাহাতে 'রিলাই' করি,
দুহাতে বিলাই কড়ি,
করি অভিনয় অভিনব ?
(আমি) নেতা কি অভিনেতা ? করি অভিনয় ।
(আমি) নেতা কি অভিনেতা ?
(হেথা) মালুম করিবে কে তা ?
মনে আছে গোপন মতলব ।
এইরূপে গতবারে,
ফিরেছিলাম দ্বারে দ্বারে,
পেয়েছিলাম এইরূপই 'হোপ্' গো ।

(মোরে) ভুলাইয়া প্রলোভনে,
ভোট দিল অন্য জনে,
(মোর) "ডিপোজিট মানি" হলো
লোপ গো ।।
(আমার মান গেল, "মানি"ও গেল—
যেন আস্‌মান্ হ'তে পড়লাম দাদা !
আমার আশা-মান দুই চূর্ণ হলো
আস্‌মান্ হতে পড়লাম দাদা)
(আমি) ভোটার-পিরীতি-রীতি
বুঝিতে নারি—
দিনু সন্দেশ—চড়াইনু
মোটর গাড়ী ।
(দিনু) উপরি গুঁজিয়া কিছু,
পকেটে আরো ।

(বলি) রাখো যদি রাখো দাদা
মারো তো মারো ।।

(দিল) "ব্যালট্ পেপার" হাতে
"পোলিং অফিসার" ।

(এরা) কার খেয়ে কার প্রেমে
করে অভিসার ।

(মোরে) ভোট তো দিয়েছ দাদা,
পুছিনু আসি ।

(দেখি) ধীরে ধীরে চলে গেলো
মুচকি হাসি ।।

(কেহ) বাহির করিল
শুধু দন্তপাঁতি ।
বুঝিলাম—করিয়াছে দিনে ডাকাতি ।।

(আবার মেরেই যে দিলেরে ! খেলে, দিলে,
চড়লে মোটর, মেরেই যে দিলেরে)

এবারে আবার মশাই ।
দেখাইতে অধ্যবসায়,
নামিয়াছি ভোটের সমরে ।
দৈনিক ও সাপ্তাহিকে
এবারে করেছি ঠিকে,
যাহে লিখে সবে মোর ''ফরে'' ।।
(তারাও ''ফর্‌চুন'' ফিরাইবে, আমার ''ফরে''
লিখবে যারা, তারাও ''ফর্‌চুন'' ফিরাইবে )
(গেছি) চালের দোষে, বেচাল হ'য়ে
গতবারে ঠকি ।
(এবার) শক্ত ''জকি'' পিঠে আমার
তবুও ঠকবো কি ?
(কুছ্‌ পরোয়া নেহি, এবার ''হুইপ্‌''
বেড়ে করবে ''হুইপ্‌'' কুছ্‌ পরোয়া নেহি)

'গ্যালপে' চলেছি দাদা,
করিব "উইন" রে।——
দোহাই ভোটার যেন
করোনা "রুইন" রে ।।
(মরে যে যাব, সেবারের আধ মরা, এবার
পুরো দস্তর মরে যে যাব)
ধন যাবে, মান যাবে,
যাবে দুই "সাইড্" ।
এরই নাম তো আত্মহত্যা
"দ্যাট্ ইজ্ সুই সাইড্" ।।
(প্রেতযোনি যে হবো, "সুইসাইডে" মরিলেই
প্রেতযোনি যে হবো )
প্রেতযোনি হবো ম'রে

শুন্‌হ ভোটাররে ।—

ভোট যে না দিবে তার
মট্‌কাবো ঘাড়রে ।।

(মেরে দেবো, প্রেত হ'য়ে তারে মেরে দেবো,
আমায় মার্‌লে মেরে দেবো, যদি আশা
থাকে, এই প্রেতের হাতে বাঁচতে যদি আশা
থাকে, ভাবী প্রেত-অভিপ্রেত পুরাও,
বাঁচার যদি আশা থাকে)

যে জন সুজন ভোট
দিবে মোর জন্যে ।
অর্দ্ধেক রাজত্ব দিব
দিব রাজকন্যে ।।

(দেখে নিও, আমার কথার খেলাপ হবে না দেখে নিও ।
আগে চাড়া দিয়ে মোরে খাড়া ক'রে পরে দেখে নিও)

ভোটানন্দ দাসে বলে—

কি মজার এ খেল্‌রে।

গাছেতে রয়েছে কাঁটাল,

গোঁফে দাও তেল রে ।।

(এমন ফল তো আর পাবে না, কাঁটালের মত আর পাবে না, পরের মাথায় ভাঙতে গেলে এমন ফল তো আর পাবেনা)

গাছেতে রয়েছে কাঁটাল

গোঁফে দাও তেল রে।

(ফল হবেই হবে। একটা ফল তো হবেই হবে। খাদ্য ফল নয় "ডাউন ফল" ( down fall ) একটা ফল তো হবেই হবে )

গাছেতে রয়েছে কাঁটাল

গোঁফে দাও তেলরে।

---